গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৩.০১৬.০৮৮.২০১৬-৩৩৭

তারিখঃ ৩০-০৭-১৪২৩ / ১৪-১১-২০১৬

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নের হালনাগাদ অগ্রগতির তথ্য প্রদান।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০০.০০০০.০৭৮.৩৬.০০২.১০(অংশ-৩)-১৯৪(৭), তারিখঃ ১০.০৮.২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রদত্ত প্রতিশ্রুতি/ নির্দেশনার বাস্তবায়নের অক্টোবর/২০১৬ মাসের অগ্রগতির প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০৪ (চার) পাতা।

১৪/১১/১৬
(মোঃ আলী হায়দার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৪২৯

সিনিয়র সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক -১১।

নং-৩৪.০০.০০০০.০৪৩.০১৬.০৮৮.২০১৬-৩৩৭ তারিখঃ ১৪-১১-২০১৬

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার,যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৪/১১/১৬
(মোঃ আলী হায়দার)
সহকারী সচিব

pm

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নের অক্টোবর/২০১৬ মাসের অগ্রগতি প্রতিবেদন।

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি প্রদানের তারিখ ও স্থান	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	মন্তব্য
০১।	নেত্রকোনা জেলা সদরে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	নেত্রকোনা ১৬/০২/২০১০ খ্রিঃ	অফিস কাম-একাডেমিক ভবন, ছাত্রাবাস ও ছাত্রীনিবাস, সীমানা দেয়াল, কাউশেড, পোল্ট্রিশেড, অভ্যন্তরীণ রাস্তা, বিদ্যুৎ, ভূমি উন্নয়ন কাজ, মাষ্টার ড্রেন, বাগান ও পুকুরঘাট নির্মাণ কাজ ইতোমধ্যে হস্তান্তর গ্রহণ করা হয়েছে। কর্মচারিদের বাসস্থান, শেষ পর্যায়ে। পরবর্তীতে কার্যাদেশ প্রদানকৃত কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ চলমান আছে। উপ-পরিচালকের কার্যালয় ইতোমধ্যে নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে। নির্মাণ কাজের গড় অগ্রগতি ৯৮%।	কার্যক্রম চলমান
০২।	নীলফামারী জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	নীলফামারী ১২/১০/২০১১ খ্রিঃ	ছাত্রীনিবাস, কর্মচারীদের বাসস্থান ও সীমানা দেয়াল হস্তান্তর গ্রহণ করা হয়েছে। অফিস কাম-একাডেমিক ভবন, ছাত্রাবাস, ভূমি উন্নয়ন ও কাউ শেড নির্মাণ কাজ সম্পাদিত হয়েছে, শীঘ্রই হস্তান্তর নেয়া হবে। মাষ্টার ড্রেন, বাগান ও পুকুরঘাট নির্মাণ কাজ, পোল্ট্রিশেড, অভ্যন্তরীণ রাস্তা ও বৈদ্যুতিকরণ কাজ সমাপ্তির পথে যা অচিরেই হস্তান্তরিত হবে। পরবর্তীতে কার্যাদেশ প্রদানকৃত কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজের গড় অগ্রগতি ৯৬%।	কার্যক্রম চলমান
০৩।	রংপুর বিভাগের সকল জেলায় ন্যাশনাল সার্ভিস সম্প্রসারণ করা।	রংপুর ০৮/০১/২০১১ খ্রিঃ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক রংপুর বিভাগের কুড়িগ্রাম ব্যতীত ৭টি জেলার (রংপুর, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) ৮টি উপজেলায় (যথাক্রমে পীরগঞ্জ ও কাউনিয়া, হাতিবান্ধা, ফুলছড়ি, ডিমলা, খানসামা, হরিপুর এবং পঞ্চগড় সদর) ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়ন (২য় পর্বে) সম্পন্ন করা হয়েছে। রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলাকে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির (৪র্থ পর্বে) অন্তর্ভুক্ত করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলায় দারিদ্র্যের ক্রমানুসারে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। সেই ধারাবাহিকতায় রংপুর বিভাগের সকল জেলার সকল উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়ন করা হবে।
০৪।	নেত্রকোনা জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ	নেত্রকোনা জেলা ১৬-০২-২০১০ খ্রিঃ	''নীলফামারী ও নেত্রকোনা জেলা স্টেডিয়ামের উন্নয়ন এবং রংপুর মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ'' শীর্ষক প্রকল্পের আওতায় নেত্রকোনা জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি গত ১০-০২-২০১৫ তারিখের একনেক সভায় অক্টোবর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে অনুমোদিত হয়। প্রকল্পের নেত্রকোনা অংশের স্টেডিয়াম নির্মাণ কাজের অগ্রগতি ৯৯%। প্যাভিলিয়ন বিল্ডিংয়ের দুই তলার স্ট্রাকচার নির্মাণ সমাপ্ত হয়েছে। গ্যালারীর ও ফাউন্ডেশনের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া সাইড ডেভেলপমেন্ট এবং প্লাস্টারিং এর কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পটির মাঠ উন্নয়ন এবং রংকরণের কাজ চলমান রয়েছে।	প্রকল্পের বাস্তব অগ্রগতি ৯৯%

চলমান পাতা/০২

pm

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি প্রদানের তারিখ ও স্থান	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	মন্তব্য
০৫।	গাজীপুর জেলার টঙ্গীস্থ টিএসএস ময়দানকে একটি আন্তর্জাতিক মানের স্টেডিয়াম হিসেবে উন্নীতকরণ।	টঙ্গীস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম ২৫-১২-২০০৮ খ্রিঃ	প্রকল্পটির বাস্তবায়ন কাজ জুন/ ২০১৪ তে সমাপ্ত হয়েছে।	প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে।
০৬।	নারায়নগঞ্জ জেলার সোনারঁগাও উপজেলায় স্টেডিয়ামের জন্য নির্ধারিত জায়গা খেলাধুলার উপযোগী করা এবং পর্যায়ক্রমে সেখানে স্টেডিয়াম নির্মাণ করা।	সিদ্ধিরগঞ্জ থানা, নারায়ণগঞ্জ ১৪-০২-২০১০ খ্রিঃ	''মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ'' শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পরিকল্পনা কমিশন হতে গত ০৫-১০-২০১৬ তারিখে ২০.২৪২.০১৪.০১.০৩২.২০১২-১০৫১; সংখ্যক স্মারকের মাধ্যমে জানানো হয়েছে ''মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ'' শীর্ষক প্রকল্পের উপজেলাসমূহ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়িত " উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের ২য় পর্বে অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের ডিপিপিতে উপজেলাটি অন্তর্ভুক্ত করা হবে।	কার্যক্রম চলমান
০৭।	খুলনা জেলার কয়রা উপজেলায় স্টেডিয়াম নির্মাণ করা।	কয়রা উপজেলা খুলনা ২৩-০৭-২০১০ খ্রিঃ	''মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬(ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ'' শীর্ষক প্রকল্পের আওতায় খুলনা জেলার কয়রা উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পরিকল্পনা কমিশন হতে গত ০৫-১০-২০১৬ তারিখে ২০.২৪২.০১৪.০১.০৩২.২০১২-১০৫১; সংখ্যক স্মারকের মাধ্যমে জানানো হয়েছে ''মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ'' শীর্ষক প্রকল্পের উপজেলাসমূহ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়িত " উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের ২য় পর্বে অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের ডিপিপিতে উপজেলাটি অন্তর্ভুক্ত করা হবে।	কার্যক্রম চলমান
০৮।	কুমিল্লা জেলার তিতাস উপজেলায় একটি স্টেডিয়াম নির্মাণ করা।	সিদ্ধিরগঞ্জ থানা, নারায়ণগঞ্জ ০৭-১১-২০১০ খ্রিঃ	''মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ'' শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার তিতাস উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পরিকল্পনা কমিশন হতে গত ০৫-১০-২০১৬ তারিখে ২০.২৪২.০১৪.০১.০৩২.২০১২-১০৫১; সংখ্যক স্মারকের মাধ্যমে জানানো হয়েছে ''মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ'' শীর্ষক প্রকল্পের উপজেলাসমূহ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক বাস্তবায়িত " উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের ২য় পর্বে অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের ডিপিপিতে উপজেলাটি অন্তর্ভুক্ত করা হবে।	কার্যক্রম চলমান

চলমান পাতা/০৩